তারিখ ...01 JAN 1997...
পৃঃ 2 কলাম 5

21

দৈনিক ইনকিলাব

## ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচন

# নীল প্যানেল নিরংকুশ সংখ্যাগরিষ্ঠতায় জয়ী

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ গতকাল অনুষ্ঠিত ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির কার্যকর পরিষদের নির্বাচনে আওয়ামী লীগ সমর্থক নীল প্যানেল নিরংকুশ সংখ্যাগরিষ্ঠতা লাভ

(২৩-এর পাতায় দেখুন)

## ঢাকা বিশ্বঃ শিক্ষক সমিতি

প্রথম পৃষ্ঠার পর

করেছে। সভাপতি, সাধারণ সম্পাদকসহ কার্যকর পরিষদের ১৫টি পদের ১৩টিতে নীল প্যানেলের প্রার্থীরা বিজয়ী হয়েছেন। বিএনপি সমর্থক সাদা প্যানেলের প্রার্থীরা যুগ্ম সম্পাদক ও ১টি সদস্যপদে জয়ী হয়েছেন। নীল প্যানেলের প্রার্থী রাষ্ট্রবিজ্ঞান বিভাগের প্রফেসর ডঃ মোঃ মোস্তফা চৌধুরী সভাপতি এবং একই প্যানেলের ভূতত্ত্ব বিভাগের সহযোগী অধ্যাপক ডঃ মোঃ হোসেন মনসুর সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন। গতকাল সন্ধ্যায় বিশ্ববিদ্যালয় ক্লাব ভবনে প্রধান নির্বাচন পরিচালক প্রফেসর অজয় রায় নির্বাচনের এ বেসরকারী ফলাফল ঘোষণা করেন। এর আগে সকাল ১০টা থেকে বেলা ২টা পর্যন্ত নির্বাচনে ভোট গ্রহণ করা হয়।

শিক্ষক সমিতির সদস্য বিশ্ববিদ্যালয়ে এক হাজার ৫৩ জন শিক্ষকের মধ্যে ৮শ' ৩৫ জন নির্বাচনে ভোট দেন।

সভাপতি পদে নীল প্যানেলের প্রার্থী রাষ্ট্রবিজ্ঞান বিভাগের প্রফেসর ডঃ মোঃ মোস্তফা চৌধুরী ৪শ' ২৭ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী সাদা প্যানেলের প্রার্থী পদাথ বিজ্ঞান বিভাগের প্রফেসর ডঃ আ.ফ.ম. ইউসুফ হায়দার পেয়েছেন ৩শ' ৮৫ ভোট। সাধারণ সম্পাদক পদে নীল প্যানেলের প্রার্থী ভূ-তত্ত্ব বিভাগের সহযোগী অধ্যাপক ডঃ মোঃ হোসেন মনসুর ৪শ' ১৭ ভোট পেয়ে জয়ী হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী সাদা প্যানেলের প্রার্থী মনোবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ডঃ নজরুল ইসলাম পান ৩শ' ৯৪ ভোট। সহ-সভাপতি পদে নীল প্যানেলের প্রার্থী প্রফেসর ডঃ আর আই এম আমিনুর রশীদ (পদার্থ বিজ্ঞান) ৪শ' ৪৮ ভোট পেয়ে জয়ী হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী সাদা প্যানেলের প্রফেসর ডঃ মোঃ আবুল বাশার (প্রাণীবিদ্যা) পান ৩শ' ৫৬ ভোট। কোষাধ্যক্ষ পদে নীল প্যানেলের প্রফেসর ডঃ এস এম মাহফুজুর রহমান (ফিন্যান্স) ৪শ' ৪৫ ভোট পেয়ে বিজয়ী হন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী সাদা প্যানেলের প্রফেসর ডঃ মোঃ সিরাজুল ইসলাম (ব্যবস্থাপনা) পান ৩শ' ৫২ ভোট। যুগ্ম সম্পাদক পদে সাদা প্যানেলের প্রার্থী ডঃ এ কে এম ওয়ারেসুল করিম বুলবুল (ফিন্যান্স) ৪শ' ২ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী নীল প্যানেলের ডঃ রফিকউল্লাহ খান (বাংলা) পান ৪শ' ভোট। তিনি মাত্র ২ ভোটের ব্যবধানে পরাজিত হন। ১০টি কার্যকরী সদস্য পদে নীল প্যানেলের প্রার্থীরা ৯টি এবং সাদা প্যানেলের প্রার্থীরা একটি পদে জয়ী হয়েছেন। নীল প্যানেল থেকে সদস্য পদে বিজয়ীরা হলেন ঃ প্রাণীবিদ্যা বিভাগের প্রফেসর মোঃ শাহাদাত আলী (প্রাপ্ত ভোট ৫০৭), গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের ডঃ আ আ ম স আরেফিন সিদ্দিক (৪৭৯ ভোট), ব্যবস্থাপনা বিভাগের প্রফেসর আবদুল মান্নান চৌধুরী (৪৬১ ভোট), ইতিহাস বিভাগের প্রফেসর এ বি এম মাহমুদ (৪৩৫ ভোট), মৃত্তিকা বিজ্ঞান বিভাগের প্রফেসর এস এম ইমামুল হক (৪২৭ ভোট), শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের মিসেস কাজী আফরোজ জাহান আরা (৪২১ ভোট), লোক প্রশাসন বিভাগের প্রফেসর সৈয়দ গিয়াসউদ্দিন আহমদ (৪০৮ভোট), সমাজ কল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের ডঃ আবদুল হাকিম সরকার (৪০৪ ভোট) ও রসায়ন বিভাগের প্রফেসর মাহতাব উদ্দিন আহমদ (৩৯১ ভোট)। সাদা প্যানেল থেকে সদস্য পদে একমাত্র বিজয়ী হয়েছেন উদ্ভিদ বিজ্ঞান বিভাগের প্রফেসর জিন্নাতুন্নেছা তাহমিদা বেগম। তিনি পেয়েছেন ৪৪১ ভোট। নির্বাচনের আগে গতকাল সকালে শিক্ষক সমিতির বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়।